দর্শনায় ট্রেন থামনো ও ষ্টেশনের অবকাঠামো নিমার্নের দাবীতে মানববন্ধন

দর্শনায় ট্রেন থামনো ও দর্শনা রেলওয়ে ষ্টেশনের অবকাঠামো নিমার্নের দাবীতে মানব বন্ধন অনুষ্ঠিত হবে। আজ রবিবার সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাবে মানব বন্ধনের প্রস্তুতি বিষয় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেসক্লাবের ও দর্শনার জন্য আমরা সংগঠনের আয়োজনে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন, বীর মুক্তিযোদ্ধা আনোয়ারুল ইসলাম বাবু।

এসব দাবীর মধ্যে রয়েছে, দর্শনা হল্ট ষ্টেশনে ঢাকাগামী দুইটি ট্রেন আপ ও ডাউনে থামাতে হবে। দর্শনা আর্ন্তজাতিক রেল ষ্টেশন থেকে একটি লোকাল ট্রেন ও একটি ইন্টার সিটি ট্রেন চালু করতে হবে।

এছাড়া দর্শনা আর্ন্তজাতিক রেল ষ্টেশনে একটি কন্টিনিয়ার পোর্ট নিমার্ন করাসহ বেশ কিছু দাবী তুলে ধরা হবে মানব বন্ধনে। অনুষ্ঠানে বিভিন্ন দাবী নিয়ে আলোচনা করেন বীর মুক্তিযোদ্ধা বিল্লাল উদ্দীন, আব্দুল হানান, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক নাহারুল ইসলাম, দর্শনা পৌর আমির সাইকুল আলম অপু, বৈষম্য বিরোধী ছাত্র-জনতা আন্দোলনের সমন্বয়ক সোহানুর রহমান, সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম,দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন ও দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক জাহান আলী। অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ মাড়াই মৌসুমের স্লো- ফায়ারিংয়ের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ মৌসুমে আখ মাড়াই উপলক্ষে চিনিকলের বয়লিং হাউজে আগুন নিক্ষেপের মধ্যে দিয়ে স্লো- ফায়ারিং শুভ উদ্ধোধন অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার দুপুর ২ টায় কেরুজ বয়লিং হাউজের সামনে স্লো-ফাযারিং উপলক্ষে মিল হাউজের বয়লার বিভাগে এক আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এ দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাব্বিক হাসান, এ সময় তিনি বলেন ১৯৩৮ সাল থেকে মিলটি একই ভাবে চলছে।তবে মিলটি ইতিমধ্যে বিএমআর আইয়ের কাজ চলছে। তাই বয়লিং হাউজ মিলের একটি গুরুত্বপুর্ন জায়গা। সেজন্য আমরা পরিক্ষা মৃলকভাবে ১৫/২০ দিন আগে দেখে নিই কোন সমস্যা আছে কিনা। যদি সমস্য থাকে তাহলে আমরা দ্রত সারিয়ে তুলতে পারবো। তিনি আরও বলেন গত বছর মিলটি আখের অভাবে ৫২কার্য দিবসে মিলটি বন্ধ হয়ে গিয়েছিলো। তাই এবার ২ মাসের অধিক মিলটি চলবে। তাই সবার প্রতি অনুরোধ করে বলেন আপনারা সবাই মিলটি টিকিয়ে রাখার স্বার্থে সবাই আখ লাগাবেন।

তাই তিনি প্রত্যেক শ্রমিক কর্মচারীদের অনুরোধ করে বলেন আপনারা মিলটি টিকিয়ে রাখতে হলে সবাই আখ লাগান মিলটি প্রান ফিরে পাক। ২০২৪-২৫ মাড়াই মৌসুমে বড় ধরনের কোন যান্ত্রিক সমস্যার সম্মূখীন হতে না হয় সেজন্য সকল যন্ত্রাংশ ট্রাইল দেওয়া হচ্ছে পাশাপাশি কোন সমস্য আছে কিনা সেটিও দেখা হচ্ছে। তবে মিলটি মাড়াই মরসুম সুন্দর ও সুষ্ঠ ভাবে সম্পন্ন করতে সকল ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। আশা রাখি সকল প্রতিকূলতা মোকাবেলা করে মাড়াই মৌসুম সম্পন্ন করা সম্ভব হবে। সেই সাথে সকলের প্রচেষ্টায় প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব হবে। তবে চিনি উৎপাদনের একমাত্র কাচামাল হচ্ছে আখ। তিনি এতদ্বা অঞ্চলের চাষিদের প্রতি আহ্বান জানিয়ে আরও বলেছেন, দেশের ভারী শিল্পপ্রতিষ্ঠান, জেলার ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান কেরুজ চিনিকলকে রক্ষা করতে বেশি বেশি করে

আখ চাষের কোনো বিকল্প নেই ।এবার গতবারের ছাড়া ১০ দিন দেরিতে চালু হলেও মিলটি সুন্দর ভাবে চলবে বলে আশা করছি।

এসময় উপস্থিত ছিলেন, কেরু চিনিকলের মহাব্যাবস্থাপক অর্থ আব্দুস সাত্তার,জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, চিনিকলের কারখানা মহাব্যাবস্থাপক সুমন কুমার সাহা, এডিএম গালিব হোসেন, ডিজিএম মাহাবুবুর রহমান, কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক হাফিজুর রহমান হাফিজ, সহ-সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম পিন্স, মাসুদুর রহমান মাসুদ সংগঠনের কর্নধর সৌমিক হাসান রুপম, সাবেক সহ সাধারন সম্পাদক খবির উদ্দিন, এ স্লো ফায়ারিংয়ের অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন কেরু জামে মসজিদের পেশ ইমাম সামসুজোহা, এ অনুষ্ঠানটি পরিচালনা করেন মেকানিকাল ইঞ্জিয়ারিং নাজমুল হোসেন।

গত বছর ২০২৩-২৪ আখ মাড়াই হয়েছিল ৫৬ হাজার মেট্রিক টন এ বছর ২০২৪-২৫ মাড়াই মৌসুমে ৭০ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ২০২৪-২৫ মাড়াই মৌসুমে আখ রোপনের টার্গেট নিয়ে মাঠে নেমেছে ৬ হাজার মেট্রিক টন। তার বীপরীতে দণ্ডায়মান আখ আছে কেরুর নিজস্ব জমিতে ২৭ হাজর মেট্রিক টন, পাবলিক আখচাষীদের জমিতে দণ্ডায়মান আখ আছে ৪৩ হাজার মেট্রিক টন। চিনি আহরনের গড় ধরছে ৫। গত বছর চিনি আহরনের গড় ছিল ৪.৯৪। এবার চিনিকলটি ৬০ কার্যদিবস চলবে বলে জানায় কেরুজ কতৃপক্ষ।

দর্শনায় দেশীয় অস্ত্রসহ যুবদল নেতা মিল্টন গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় অভিযান চালিয়ে বিভিন্ন প্রকার দেশীয় অস্ত্রসহ যুবদল নেতা সেলিম মেহফুজ মিল্টনকে গ্রেফতার করেছে সেনাবাহিনী।

আজ শুক্রবার (২৯ নভেম্বর) চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্প থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গ্রেফতারকৃত সেলিম মাহফুজ মিল্টন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার মোবারকপাড়ার আব্দুস সালাম মাষ্টারের ছেলে। তিনি দর্শনা পৌর যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বুধবার (২৭ নভেম্বর) চুয়াডাঙ্গা আর্মি ক্যাম্পের একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ দর্শনা এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় নিজ বাড়ি থেকে আসামি সেলিম মেহফুজ মিল্টনকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে তার বাড়িতে তল্লাশি চালিয়ে চাইনিজ কুড়াল, রামদা, চাপাতিসহ বিভিন্ন প্রকার দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, গ্রেফতারকৃত মিল্টনের বিরুদ্ধে স্বর্ণ, মাদক চোরাকারবারি, অবৈধ অস্ত্র, অগ্নিসংযোগসহ বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে। গত ৫ আগস্টের পর থেকে মিল্টন দর্শনায় ত্রাস হিসেবে পরিচিত লাভ করেছে। তাকে গ্রেফতারে এলাকায় স্বস্তি ফিরে এসেছে। গতকাল বৃহস্পতিবার দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান সকালেই সেলিম মেহফুজ মিল্টনকে দেশীয় অস্ত্র মামলায় তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

চুয়াডাঙ্গায় চুরিকৃত ট্রাকসহ দর্শনার আলোচিত চোর রিয়াজ আটক

চুয়াডাঙ্গা সদরের বেগমপুরের ইউনিয়ন পরিষদের পাশে পাবনা দাসুরিয়া থেকে চুরিকৃত ট্রাক সহ আন্ত:জেলা ট্রাক চোর সিন্ডিকেটের হোতা রিদয় ওরফে রিয়াজকে (২৭) আটক করে পুলিশে দিয়েছে স্থানীয় জনতা।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার দিকে তাকে আটক করা হলেও তার সাথে থাকা দর্শনার আকন্দবাড়িয়ার নতুনপাড়ার সাইদ নামমের একজন পালিয়ে

গিয়েছে। আটককৃত রিয়াজ দর্শনা মহাম্মদপুরের শফি মিস্ত্রীর ছেলে।

জানাগেছে, গতকাল শনিবার রাত সাড়ে ১১ টার দিকে পাবনা জেলার দাসুরিয়া এলকা থেকে গোলাপ মালিথার ছেলে বাচ্চু মালিথার একটি ট্রাক (রেজি নং:-ঢাকা মেট্রো ট-২০-৮০৩১) চুরি হয়ে যায়। ট্রাক চুরির ঘন্টা খানেক পর ট্রাকটির সন্ধান চালাতে থাকে মালিক পক্ষ। ওই রাতে ট্রাকটির কোন হদিচ না পেয়ে, গতকাল রোববার ভোর রাতে চুয়াডাঙ্গা সদরের হিজলগাড়ি বাজারের বিশিষ্ট মোবাইল ব্যবসায়ী রাসেল হোসেন কে বিষয়টি জানায়। সকাল থেকে রাসেল চুরিকৃত ট্রাকটির সন্ধান চালাতে থাকে।

সকাল সাড়ে ১০ টার দিকে জানতে পারে বেগমপুর ইউনিয়ন পরিষদের সামনে রাস্তার পাশে একটি ট্রাক পড়ে আছে। রাসেল সহ স্থানীয় লোকজন ঘটনাস্থলে ছুটে এসে রেজিষ্ট্রেন নম্বর দেখে বুঝতে পারে এটাই সেই চুরিকৃত ট্রাক। ট্রাকটির চাকা খোলার প্রস্তুতি নিচ্ছিল চোর রিয়াজ। লোকজন দেখে এসময় চোর রিয়াজ পাশে বেগমপুর বাওড়ে ঝাপ দিয়ে পালানোর চেস্টা করলে স্থানীয় জনতা তাকে ধাওয়া করে আটক করে। চোর রিয়াজ বলে ট্রাক চুরির সাথে আকন্দবাড়িয়া গ্রামের নতুনপাড়ার সাইদও জড়িত। পরে স্থানীয় জনতা দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ তাকে গ্রেফতার করে এবং চুরিকৃত ট্রাকটি জব্দ করে।

দর্শনা থানার ওসি শহিদ তিতুমীর সাথে যোগাযোগ করা হলে, তিনি ঘটনা সত্যতা নিশ্চিত করেন।

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট সেমি ফাইনাল অনুষ্ঠিত

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের উদ্যোগে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট সেমি ফাইনাল খেলা অনুষ্ঠিত

হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪ টার দিকে রামনগর ফুটবল মাঠে এ সেমিফাইনাল খেলা অনুষ্টিত হয়।

এ সেমিফাইনাল খেলায় যশোর জেলা কল্যান একাদশ সমিতিকে ২-০ গোলে পরাজিত করে পাবনা আয়ুব খান স্মৃতি ফুটবল একাদশ ফাইলালে উঠেছে। খেলার প্রথম পযার্য়ে খেলায় কোন দল কোন গোল করতে পারেনি। তবে দ্বিতীয় পর্বের খেলায় পাবনা আয়ুব স্মৃতি ফুটবল একাদশের ৯নং খেলোয়ার কাওছার আলী ৪৭ মিনিটের সময় ১ম গোলটি করে এবং ১১ নং খেলোয়ার ৫৫ মিনিটের সময় দ্বিতীয় গোলটি করেন বিপ্রো। ফলে ২-০ গোলে যশোর জেলা কল্যান একাদশকে পরাজিত করে পাবনা আয়ুব খান স্মৃতি ফুটবল একাদশ।

সেমিফাইনাল খেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শফিকুল ইসলাম সাবু বিপ্রোকে সেরা খেলোয়ারের হিসাবে পুরুস্কার তুলে দেন। রেফারীর দায়িত্ব পালন করেন নিপুন এবং লাইচম্যান হিসাবে দায়িত্বে ছিলেন আলো ও রবিউল ইসলাম। রামাযুষের সভাপতি জহির রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমি ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু।

বিশেষ অতিথি হিসাবে দর্শনা পল্লী বিদ্যুৎ অফিসের সহকারী জেনারেল ম্যানেজার শামীম উদ্দিন, দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, দর্শনা সরকারী কলেজের সাবেক ভিপি হারুন অর রশিদ, দর্শনা পৌর বিএনপির সাবেক সংগঠনিক সম্পাদক নাহারুল ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন,দর্শনা পৌর বিএনপির যুবদলের সদস্য সচিব রফিকুল হাসান, সাবেক দর্শনা পৌরদলের সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন, থানা বিএনপির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম। মদনা পারকৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি জসিম উদ্দিন। তবে আজকের খেলায় দর্শক গ্যালারীতে ছিলো পরিপূর্ণ উপচে পড়া ভীর ও মাঠ ভর্তি দর্শক ছিলো দেখার মত। সমগ্র ফুটবল খেলার ধারা ভাষ্য দেন হাসান গাজী ও সবুজ হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন জাহান আলী।

দর্শনায় নারী শিশু নির্যাতন ও ৩ বছরের সাজাপ্রাপ্তসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে নারী শিশু ও সাজাপ্রাপ্ত আসামীসহ ৪ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আসামীরা হলো দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাহাতাব মন্ডলের ছেলে দীর্ঘ ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী শম্ভু মিয়া (৩২) দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের মোস্তফা মস্তানের ছেলে নারী ও শিশু নির্যাতন মামলার নিয়মিত আসামী শামীম হোসেন (২৪) একই গ্রামের ইউনুস কাজীর ছেলে, রাসেল ওরফে রাশেদ আলী ও মসলেম মন্ডলের ছেলে জাহিদ হোসেনকে(৩৮) তাদের নিজ নিজ বাড়ী থেকে গ্রেফতার করে।

জানাযায়, আজ মঙ্গলবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে,বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন এলাকায় অভিযান চালায়। এ সময় দর্শনা থানার পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে রাঙ্গিয়ারপোতা গ্রামের দীর্ঘ ৩ বছরের পলাতক আসামী শম্ভু মিয়াকে গ্রেফতার করে। পরে দর্শনা পৌরসভার জয়নগর গ্রামের নারী ও শিশু নির্যাতনের ফৌজদারি মামলার ৩ আসামীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ৪ জনকে আজ দর্শনা থানা পুলিশ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

[redacted]

[redacted]

দর্শনা পৌরসভার উন্নয়নে সকল নাগরিকের হোলডিং কর ও বকেয়া বিল পরিশোধের ব্যাপারে সর্তক করলেন পৌর প্রশাসক

দর্শনা পৌরসভার উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখতে পৌর বাসির উচিত
হোলডিং কর ট্রেড লাইসেন্স গ্রহণ সহ বকেয়া বিল পরিশোধ করার
ব্যাপারে ব্যাবসায়ীদের সর্তক করলেন পৌর প্রশাসক তাসফিকুর রহমান । শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা রেলবাজারের মুদি, ব্যাবসায়ী
চাউল ব্যাবসায়ী ও মাছ,মাংসের দোকানদের সর্তক করেন।
ব্যাবসায়ীদের বিভিন্ন সম্যাসার বিষয় নিয়ে পরিদর্শন করেন দর্শনা পৌর প্রশাসক এবং দামুড়হুদা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) কেএইচ তাসফিকুর রহমান।
এ সময় তিনি ব্যবসায়ীদের উদ্দেশ্য বলেন, “পৌরসভার উন্নয়নমূলক
কার্যক্রমের জন্য আপনাদের যথাযথ সময়ে ট্রেড লাইসেন্স গ্রহণের মাধ্যমে পৌরসভার সেবার মান বৃদ্ধি হতে পাবে এবং এলাকার সার্বিক উন্নয়ন ত্বরান্বিত হবে। যে সকল ব্যবসায়ীরা এখন পযর্ন্ত ট্রেডলাইসেন্স গ্রহন করেন নাই তারা ১ সপ্তাহে মধ্য ট্রেডলাইসেন্স গ্রহন সহ হোলডিং কর পরিশোধ করবেন।আগামীতে আপনাদের সাথে কথা হবে আইনের ভাষায়।
দর্শনা রেলবাজার পরিদর্শন কালে আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত সচিব প্রকৌশলী মোঃ সাজেদুল আলম, কর নির্ধরাক মোঃ সরওয়ার হোসেন, প্রধান সহকারী মোঃ রুহুল আমিন খান, কর আদায়কারী মোঃ আরফিন হোসেন,ট্রেড লাইসেন্স পরিদর্শক মোঃ মমিনুল ইসলাম,দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, উচ্চমান সহকারী শাহ আলম প্রমূখ।

দর্শনা উজলপুরে পূর্ব শত্রুতার জেরে ১বিঘা পেঁপে বাগান কর্তন

দর্শনা উজলপুরে পূর্ব শত্রুতার জেরে ১ বিঘা ফলন্ত পেঁপে বাগান কর্তন করেছে। অভিযোগ উঠেছে একই গ্রামের কয়েক জনের বিরুদ্ধে। এ

বিষয়ে দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করেছে ভুক্তভোগী পেঁপে বাগান মালিক। ঘটনাসূত্রে জানাযায়, চুয়াডাঙ্গা সদর উপজেলা দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের উজলপুর গ্রামের আবু বকর সিদ্দিকের ছেলে তানজিল হোসেন উজলপুর চারাখোলা মাঠে ১ বিঘা জমিতে পেঁপে বাগান করছিলো।

প্রতিদিনের ন্যায় গতকাল শুক্রবার সকালে বাগান পরিচর্যার জন্য তানজিল হোসেন মাঠে যায়। এ সময় বাগানে পৌঁছালে তার জমিতে থাকা বাগানের প্রত্যেকটি গাছ কেটে ফেলা দেখতে পায়। পরে হতভম্ব হয়ে কোন উপায়ান্ত না পেয়ে দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

এ বিষয়ে ভুক্তভোগী তানজিল হোসেন জানায়, গত ২০ দিন পূর্বে তার পেঁপে বাগানের পাশে একটি বাদামের ক্ষেত থেকে একই গ্রামের এরেং মন্ডলের ছেলে ইব্রাহিম তার ছেলে পলাশ ও তার জামাই মমিন তিনজন মিলে বাদামের ঘাস নেওয়ার জন্য পেঁপে বাগানের মধ্যে দিয়ে আলমসাধু নিয়ে যায়। এ সময় বাগানের কয়েকটি গাছের ক্ষতি হলে মালিক তানজিল দেখতে পেয়ে তাদেরকে নিষেধ করেন পরে দুপক্ষ তর্কে জড়াই। পরে অভিযুক্তরা উক্ত স্থানে বাগান মালিককে বাগানের ক্ষতি করবে বলে হুমকি দেখায়। এর প্রেক্ষিতেই ওই বাগান মালিক তানজিল হোসেন একই গ্রামের এরেং মন্ডলের ছেলে ইব্রাহিম তার ছেলে পলাশ ও তার জামাই মমিন তিনজন মিলে তার পেঁপে বাগান কেটে দিয়েছে বলে অভিযোগ দায়ের করে দর্শনা থানায় । এছাড়া তার বাগান কর্তনে ১ লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে জানাই বাগান মালিক তানজিল।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান, এই ঘটনায় দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে ভুক্তভোগী।তবে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে তাদের বিরুদ্ধে।

দর্শনায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র

করে মারধর: থানায় অভিযোগ

চুয়াডাঙ্গার দর্শনায় তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে মারধরের ঘটনা ঘটেছে। এ বিষয়ে দর্শনা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। গতকাল শুক্রবার বিকালে দর্শনা সরকারি ফুড গোডাউনের পাশে এ ঘটনা ঘটে।

আহত শাহরিয়ার সাদিত কিমন (১৮) দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের শাহিনুজ্জামান টুটুলের ছেলে।

অভিযোগ সুত্রে জানাগেছে, গত ৮ তারিখ শুক্রবার দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামে ওয়াজ মাহফিল চলাকালীন সময়ে জীবন (১৮) ও মো: রিফাত (২০) মেয়েদেরকে উত্যাক্ত করার সময় শাহরিয়ার সাদিত কিমন (১৮) নিষেধ করায় কিমনের সাথে বিরোধ সৃষ্টি হয় এর এক পর্যায়ে তাকে হুমকি ধামকি দেয়। এর ধারাবাহিকতায় গতকাল শুক্রবার বিকাল ৫ টার দিকে কিমন প্রাইভেট পড়া শেষ করে পাখি ভ্যানে করে তার নিজ বাড়িতে যাওয়ার সময় পতিমধ্যে দর্শনা সরকারি ফুড গোডাউনের নিকট পৌঁছালে জীবন (১৮) ও মো: রিফাত (২০) সহ প্রায় ২০ জন পূর্ব পরিকল্পিত ভাবে দেশীয় অস্ত্র লাঠিসোঁটা নিয়ে দাঁড়িয়ে ছিলো। তখন কিমনকে ভ্যান থেকে জোর পূর্বক নামিয়ে গোডাউনের পাশে একটি মাদরাসার নির্মাণাধীন ঘরের ভিতরে নিয়ে যেয়ে লোহার রড, এস এস পাইপ ও কাঠের বাটাম দিয়ে বেধড়ক মারধর করে রক্তাক্ত জখম করে। পরে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। এ বিষয়ে আহত কিমের পিতা শাহিনুজ্জামান টুটুল বাদি হয়ে দর্শনা থানায় ৯ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাত আরও ১০/১২ জনের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দায়ের করে। অভিযুক্তরা হলেন, দর্শনা পৌর এলাকার দক্ষিন চাঁদপুর গ্রামের নজুর ছেলে জীবন (১৮), ওয়াসিমের ছেলে মো: সিদাত (২০) রিফাত (২০), পিতা- অজ্ঞাত, ইসমাইলের ছেলে আরাফাত (১৯),নাজিমের ছেলে রাসেল (১৮) মজিদের ছেলে গাফফার (১৯)তোহিদের ছেলে নজু (৫০) খোকনের ছেলে সোহান (১৯) ও আজমপুর গ্রামের বুলেটের ছেলে বিজয় (১৮)